

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিসিএস প্রশাসন একাডেমি  
শাহবাগ, ঢাকা  
প্রশিক্ষণ শাখা

www.bcsadminacademy.gov.bd

স্বাক্ষর  
৩০/১২/১৯  
০৬/১২/১৯

নম্বর ০৫.০২.০০০০.০২৯.০০.০২৬.১৭-২৮২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৪  
০৫ ডিসেম্বর ২০১৭

বিজ্ঞপ্তি

আগামী ০১ জানুয়ারি ২০১৮ তারিখ হতে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১০৪তম এবং ১০৫তম আইন ও প্রশাসন কোর্স শুরু হতে যাচ্ছে। এ কোর্স দু'টি চলাকালীন প্রশিক্ষণার্থীদের সকালের পিটি ও বিকালের খেলাধুলা কার্যক্রম পরিচালনার জন্য প্রতি কোর্সে দুজন (একজন নারী ও একজন পুরুষ) শরীরচর্চা প্রশিক্ষক প্রয়োজন।

আগ্রহী প্রার্থীর যোগ্যতা:

শরীরচর্চা ও খেলাধুলায় পারদর্শী, সূর্যোদয়ের পূর্বে (ভোর ৫:০০ টা হতে) শরীরচর্চা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন এবং বিপিএড ডিগ্রীধারী হতে হবে।

প্রশিক্ষক নিয়োগের শর্তাবলী নিম্নরূপ:

- এ নিয়োগ কোর্সের মেয়াদকালের জন্য দৈনিক ভাতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী এবং কর্তৃপক্ষ যে কোন মুহূর্তে কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- প্রতি কর্মদিবসে সকাল-বিকাল দুই সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) =১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোন কর্মদিবসে/কোন সেশনে অনুপস্থিত থাকলে, অনুপস্থিতির দিন/সেশনগুলোতে কোন সম্মানী প্রাপ্য হবে না;
- গ) সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনসমূহে শরীরচর্চা/খেলাধুলা অনুষ্ঠিত হবে না সে দিনসমূহের জন্য কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- ঘ) সকালের শরীরচর্চা এবং বিকালের খেলাধুলায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ঙ) নিজের এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করতে হবে এবং প্রত্যহ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক এর নিকট জমা দিতে হবে। প্রশিক্ষণার্থীগণ সক্রিয়ভাবে প্রতিদিন এ প্রশিক্ষণে সময়মত অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি না করে থাকেন তাদের নাম, রোল নং সহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্স পরিচালকের নিকট জমা দিতে হবে;
- চ) কোর্স কারিকুলামে নির্ধারিত খেলাধুলা প্রতিযোগিতা সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করতে হবে;
- ছ) এ নিয়োগ ০১/০১/২০১৮ তারিখ হতে কার্যকর হবে এবং কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৪ ডিসেম্বর ২০১৭ তারিখ রবিবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্তসহ জনাব মোঃ মাহমুদুল হক, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইল mhmoni24@gmail.com বরাবর আবেদন পত্র প্রেরণ করতে হবে। সদয় আগামী ২৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ করা করা হবে। মৌখিক পরীক্ষায় সকল সার্টিফিকেটের মূল কপি সঙ্গে আনতে হবে।

(মো: জহিরুল ইসলাম)  
পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ৫৫১৬৫৯০৫

বিতরণ:

- ০১। প্রোগ্রামার, এ কার্যালয় (অনতিবিলম্বে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ০২। রেক্টর এর একান্ত সচিব, এ কার্যালয় (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। নোটিশ বোর্ড, মোহাম্মদপুর শরীরচর্চা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা।
- ০৪। নোটিশ বোর্ড, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা।
- ০৫। নোটিশ বোর্ড, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫।
- ০৬। একাডেমির নোটিশ বোর্ড
- ০৭। অফিস কপি